



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লভেলে-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৮-৩৩৫

তারিখ: ২২.১০.২০১৮ খ্রি:।

বিষয়: ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসায় অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদে নিয়োগকৃত জনাব মো: শফিকুল ইসলাম এর এমপিওভুক্তির বিষয়ে আইনগত মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসার স্মারক নং-এন, এম, ও/২০১৮/১০

তারিখ: ১৮.০৪.২০১৮ খ্রি:।

(২) উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল এর স্মারক নং- মাউশি/ময়/৩৯৩-এ

তারিখ: ২৪.০৫.২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসায় অফিস সহকারী কাম-হিসাব সহকারী (তৃতীয় শ্রেণীর কর্মচারী) পদে জনাব মো: শফিকুল ইসলাম গভর্নিং বডি কর্তৃক নিয়োগ অনুমোদনক্রমে বিগত ১৮.১২.২০১৭ খ্রি. তারিখে শূন্য পদে যোগদান করেন মর্মে উল্লেখিত স্মারকের মাধ্যমে জানা যায়।

০২. বর্ণিত মাদ্রাসার অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদে জনাব মো: শফিকুল ইসলাম যোগদানের পর নিয়োগ প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করে জনৈক মো: এনামুল হক বাদী হয়ে বিজ্ঞ সিনিয়র সহকারী জজ আদালত, ময়মনসিংহ একটি মামলা দায়ের করেন, যার নং-০২/১০১৮। বর্তমানে মামলাটি চলমান রয়েছে।

০৩. অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদে নিয়োগকৃত জনাব মো: শফিকুল ইসলামের এমপিওভুক্তির নিমিত্ত প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক অনলাইনে আবেদন করা হলে মামলা চলমান অবস্থায় বর্ণিত ব্যক্তিকে এমপিওভুক্তি করা যাবে কিনা এ বিষয়ে আইনগত মতামত চেয়ে উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ কর্তৃক মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে সূত্রে বর্ণিত ০২ নং স্মারকের মাধ্যমে অনুরোধ পত্র প্রেরণ করা হয়।

০৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ কর্তৃক প্রেরিত কাগজ পত্র যাচাই বাছাই করে দেখা যায় যে, অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদে নিয়োজিত জনাব মো: শফিকুল ইসলাম বর্ণিত পদের জন্য কাম্য শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন ছিলেন না। ০৪.০২.২০১০ খ্রি. তারিখে জারিকৃত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত জনবল কাঠামো যা ২৪.০৩.২০১৩ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধিত অনুযায়ী অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

“শিক্ষা বোর্ড হতে এইচ এসসি (ব্যবসা শিক্ষা)/সমমান। সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটি তৃতীয় শ্রেণী/সমমান গ্রহণযোগ্য হবে।”

০৫. উল্লেখিত জনবল কাঠামো অনুযায়ী অফিস সহকারী কাম-হিসাব সহকারী পদের কাম্য শিক্ষাগত যোগ্যতা হচ্ছে, যে কোন শিক্ষা বোর্ড হতে ব্যবসা শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক পাশ। এখানে সমমান বলতে ব্যবসা শিক্ষা শাখা ব্যতিত অন্য কোন শাখা হতে উচ্চ মাধ্যমিক পাশ বোঝানো হয়নি। কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় নিয়োগ প্রক্রিয়াটি বৈধ হয়নি মর্মে অত্র অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়।

০৬. এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলাধীন নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসায় নিয়োগকৃত অফিস সহকারী কাম-হিসাব সহকারী জনাব মো: শফিকুল ইসলামের কাম্য শিক্ষাগত যোগ্যতা না থাকায় নিয়োগ প্রক্রিয়াটি বৈধ নয় বিধায় তাঁর এমপিওভুক্ত হওয়ার কোন সুযোগ নেই মর্মে অত্র অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়। পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপ-পরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।

অনুলিপি:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহণ পুল ভবন (৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নান্দাইল, ময়মনসিংহ।
৪. সভাপতি, নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসা, ডাক: নিভিয়াঘাটা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।
৫. অধ্যক্ষ, নিভিয়াঘাটা ফাজিল মাদ্রাসা, ডাক: নিভিয়াঘাটা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ।
৬. জনাব মো: শফিকুল ইসলাম গ্রাম: চামারুল্লাহ, পো: খামারগাও, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ
৭. অফিস কপি।

Nae
22-10-18

নাজনীন সুলতানা

সহকারী পরিচালক (অডিট ও আইন)

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

